# জাতীয় বিশ্ববিদ্যালয়

বাংলাদেশ

## প্রজ্ঞাপন

স্মারক নং-১৪(১৪৯)জাতী:বি:/প্রশিক্ষণ/ a2i & UNICEF/ICT-T/২০২৫/৪৯/২৬৮৫ তারিখ: ০৭/০১/২০২৬

**বিষয় : কলেজের নিজস্ব অর্থায়নে ICT বিষয়ে প্রশিক্ষণপ্রাপ্ত মাস্টার ট্রেইনারদের মাধ্যমে কলেজের স্নাতক (সম্মান) কোর্সের শিক্ষকদের প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে**

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত কলেজসমূহে ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষ থেকে স্নাতক (সম্মান) পর্যায়ে ICT বিষয়টি আবশ্যিক বিষয় হিসেবে অন্তর্ভুক্ত করা হয়েছে। কারিকুলাম অনুযায়ী ICT বিষয় কার্যকর ও সফলভাবে বাস্তবায়নের লক্ষ্যে জাতীয় বিশ্ববিদ্যালয় a2i এবং UNICEF-এর কারিগরি সহায়তায় ইতোমধ্যে ৯০ (নব্বই) জন **কোর ট্রেইনার** এবং ৮৪০ (আটশত চল্লিশ) জন **মাস্টার ট্রেইনার** তৈরি করেছে।

পরবর্তীতে কোর ও মাস্টার ট্রেইনারদের মাধ্যমে সারাদেশের প্রায় ১২,০০০ (বারো হাজার) শিক্ষককে আইসিটি বিষয়ে লিটারেট ও দক্ষ করে গড়ে তোলার কার্যক্রম বাস্তবায়ন করা হবে। এ লক্ষ্যে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত স্নাতক (সম্মান) সকল কলেজকে নিম্নবর্ণিত নির্দেশনাসমূহ যথাযথভাবে অনুসরণ করার জন্য নির্দেশ প্রদান করা হলো–

১। প্রতিটি কলেজে স্নাতক (সম্মান) পর্যায়ে পাঠদানকারী সকল শিক্ষকদের জন্য ICT বিষয়ক ইন-হাউস ট্রেনিং এবং কলেজের পার্শ্ববর্তী স্নাতক (সম্মান) কোর্স পাঠদানকারী কলেজসমূহ যারা ICT ট্রেনিং পায়নি তাদেরকে নিয়ে প্রশিক্ষণ পরিকল্পনা প্রণয়ন করতে হবে।

২। উক্ত ইন-হাউস ট্রেনিং পরিচালনার ক্ষেত্রে জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রস্তুতকৃত ও অনুমোদিত আইসিটি সিলেবাস, প্রশিক্ষণ ম্যানুয়াল, অডিও-ভিজুয়াল কনটেন্ট ও নির্দেশিকা অনুসরণ করতে হবে।

৩। প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনার জন্য কোর ট্রেইনার ও মাস্টার ট্রেইনারদের যথাযথভাবে সম্পৃক্ত করতে হবে।

৪। প্রশিক্ষণের সময়সূচি, প্রশিক্ষণার্থীদের তালিকা, প্রশিক্ষণ ভেন্যু ও রিসোর্স পারসন নির্ধারণপূর্বক একটি বিস্তারিত প্রশিক্ষণ পরিকল্পনা প্রস্তুত করতে হবে।

৫। প্রশিক্ষণ কর্মসূচী মার্চ ২০২৬ এর মধ্যে সম্পন্ন করতে হবে এবং প্রশিক্ষণ পর্যবেক্ষণের জন্য জাতীয় বিশ্ববিদ্যালয়কে আমন্ত্রণ জানাতে হবে।

৬। প্রশিক্ষণ শেষে অংশগ্রহণকারী শিক্ষকদের উপস্থিতি, মূল্যায়ন ও ফিডব্যাক সংরক্ষণ করতে হবে এবং প্রয়োজনে জাতীয় বিশ্ববিদ্যালয়ে প্রেরণের জন্য প্রস্তুত রাখতে হবে।

৭। আইসিটি প্রশিক্ষণের মাধ্যমে শিক্ষকদের ডিজিটাল লিটারেসি, অনলাইন নিরাপত্তা, শিক্ষা কার্যক্রমে প্রযুক্তির ব্যবহার এবং আইসিটি কারিকুলামভিত্তিক পাঠদানের সক্ষমতা নিশ্চিত করতে হবে।

৮। উক্ত প্রশিক্ষণ কার্যক্রম বাস্তবায়নে কলেজ কর্তৃপক্ষকে সার্বিক সহযোগিতা ও প্রয়োজনীয় প্রশাসনিক সহায়তা প্রদান করতে হবে।

৯। জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক পরবর্তীতে জারিকৃত যেকোনো অতিরিক্ত নির্দেশনা সংশ্লিষ্ট সকল কলেজকে যথাযথভাবে অনুসরণ করতে হবে।

উপরোক্ত নির্দেশনাসমূহ জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত সকল কলেজের জন্য তাৎক্ষণিকভাবে কার্যকর হবে।

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের অনুমোদনক্রমে

৭/১/2026

(মোছা: সালমা পারভীন)
পরিচালক
শিক্ষক প্রশিক্ষণ দপ্তর
জাতীয় বিশ্ববিদ্যালয়
জরুরী প্রয়োজনে (অফিস সময়):
টেলিফোন: ০২-৯৯৬৬৯১৫৮০
মোবাইল: ০১৫৫৬-৩৫২৬৭৬
ইমেইল: teachers.training@nu.ac.bd